

দৈনিক সংবাদ
গোপক সংবাদ

তারিখ 06 AUG 1993
পৃষ্ঠা... ৪... কলাম... ৩...

ভেটেরিনারী শিক্ষা কারিকুলাম

গত ২৭শে জুলাই '৯৩ মঙ্গলবার দৈনিক 'সংবাদ'-এর চিঠিপত্র বিভাগে মোঃ আবু সুফিয়ান ১০৪/ক, আশরাফুল হক হল, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের চিঠিটি আমাদের দৃষ্টিগোচর হয়েছে। তিনি ভেটেরিনারী সায়েন্সের অসম্পূর্ণ সংজ্ঞা প্রদান করে ভেটেরিনারী কোর্স কারিকুলামে 'ডেইরী সায়েন্স' ও 'পোল্ট্রি সায়েন্স' অন্তর্ভুক্ত করার অর্থোডক্স দাবি করেছেন। Encyclopedia Britanica ছাড়াও আরো অনেক বইতে ভেটেরিনারী সংজ্ঞা আছে, যাদের কোনটিতে ডেইরী সায়েন্স অথবা পোল্ট্রি সায়েন্সের উল্লেখ নেই। তদুপরি তিনি সংজ্ঞার শেফাংশের উল্লেখ করেননি। আমি তার সংজ্ঞা এবং শেফাংশ তুলে ধরছি।

'Veterinary science is the branch of knowledge that deals with the anatomy of the domesticated animals, their physiology and racial characteristics, their breeding, feeding and hygienic management, the pathology and treatment of the diseases and injuries, their relation to man with regard to their inter-communicable maladies and the use of their flesh and products. সংজ্ঞার শেফাংশটুকু নিম্নরূপঃ In north America and to lesser extent in Europe, however the breeding, feeding and handling of normal animals is largely in the hands to persons trained in the field of Animal Husbandry. (Encyclopedia Britanica, Vol. 22, Page 1024-1025, 1968).

আমি এর পাশাপাশি তুলনামূলক আলোচনার জন্যে Animal Husbandry, Dairy Science এবং Poultry Science-এর সংজ্ঞা দিয়ে আমার যুক্তি উত্থাপন করছি।

Animal Husbandry is that

branch of Agricultural Science which concern with livestock, in respect of their breeding, feeding, care and management, judging and the principles and the practices of livestock products and their marketing.

Poultry Science is the study of principles and practices involved in the production of poultry and poultry products. It includes breeding, housing, feeding, disease control, marketing and poultry management.

Dairy Science is a science which deals breeding, feeding, care and management and handling of dairy cattle, production-distribution and processing milk and milk products and by-products.

Dairy Science এবং Poultry Science, Animal Husbandry-র মৌলিক বিষয় (mother subject)। এটা DVM ডিগ্রীর জন্যে প্রয়োজ্য বা প্রয়োজনীয় বিষয় নয়। বিশ্বের অনেক দেশ থেকে Animal Husbandryতে graduation ডিগ্রীর পাশাপাশি Dairy Science, Poultry Science, Animal Nutrition-এর ওপর graduation degree দেয়া হচ্ছে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতেও গত ৩০ বছর ধরে DVM ও B.Sc Animal Husbandry (Hons.) ডিগ্রী দেয়া হচ্ছে। বিজ্ঞানের অগ্রসরতার সাথে সামঞ্জস্য রেখে এ বছর নতুন কোর্স কারিকুলাম

তৈরি করা হয়েছে। কৃষি বিশ্ববিদ্যালয়ের এ দু'টি ডিগ্রী-মুগোপযোগী এবং কোন দেশের পড়সম্পদ উন্নয়নের জন্যে এর ভূমিকা অপরিসীম। আবু সুফিয়ান সাহেব কিজন্য এ চিঠি লিখেছেন সেটা বোধগম্য নয়।

মোঃ আরিফুর রহমান
বাঃ কঃ বিঃ ময়মনসিংহ।